বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪৬

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬৪তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬৪তম কমিশন সভা গত ২২/০৭/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। Vanguard Asset Management Limited (Asset Manager) কর্তৃক ব্যবস্থাপনাকৃত Vanguard AML BD Finance Mutual Fund One ফান্ড হতে ২০১৭ সালে AFC Health Ltd.-এ ৪.০০ (চার) কোটি টাকা বিনিয়োগের ক্ষেত্রে সিকিউরিটিজ আইন লঙ্ঘিত হয়। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট ফান্ডের ইউনিটহোল্ডারদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে বিধায় Vanguard Asset Management Limited-কে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ৯.০০ (নয়) কোটি টাকা উক্ত ফান্ডে ফেরত/জমা প্রদানের আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অর্থ ফেরত/জমা প্রদান করতে ব্যর্থতায় Vanguard Asset Management Limited কে ১০.০০ (দশ) কোটি টাকা অর্থদন্ড আরোপেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত অনিয়ম সংঘটিত হওয়ার পেছনে উক্ত মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসেবে Bangladesh General Insurance Company Limited (BGIC) যথাযথ তদারকি ও দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট ফান্ডের ইউনিট হোল্ডারদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে বিধায় ট্রাস্টি BGIC- কে ১.০০ (এক) কোটি টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। Regent Textile Mills Limited উহার আইপিও ফান্ডের ৮০.১১ কোটি টাকা (অর্জিত সুদসহ) আইপিও সম্মতিপত্রের শর্ত ভঙ্গ করে তথা বিধিবহির্ভূতভাবে উহার সহযোগী প্রতিষ্ঠান Legacy Fashion Ltd-এর ৯৯% শেয়ার অধিগ্রহণ/ক্রয়ে ব্যবহার করে। এ প্রেক্ষিতে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হওয়ায় Regent Textile Mills Limited-কে ৩০ দিনের মধ্যে ৯০ কোটি টাকা উক্ত কোম্পানিতে ফেরত/জমা প্রদানের আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অর্থ ফেরত/জমা প্রদান করতে ব্যর্থতায় Regent Textile Mills Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ কোম্পানীর ৫ জন পরিচালক যথা: Mr. Md. Yakub Ali, Mr. Md. Yasin Ali, Mr. Tanvir Habib, Mr. Mashruf Habib, Mr. Salman Habib (ব্যবস্থাপনা পরিচালক) -এর প্রত্যেককে ২০ কোটি টাকা করে মোট ১০০ কোটি টাকা অর্থদন্ড আরোপেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বিধিবহির্ভূতভাবে Prohibitory period (১ নভেম্বর ২০২০ হতে ৯ মে ২০২১) -এ Southeast Bank Ltd-এর স্পন্সর Ms. Farzana Azim ও তার ভাই Mr. Mamun Azim উক্ত কোম্পানির শেয়ার লেনদেন করার কারণে উভয়কে ৫.০০ লক্ষ টাকা করে মোট ১০.০০ লক্ষ টাকা অর্থদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। দুয়ার সার্ভিসেস পিএলসি (DOER Services PLC) এর ২৫ জুন ২০২৫ তারিখের 'Withdrawal of QIO Application' শীর্ষক আবেদনটি কমিশন কর্তৃক গৃহীত হয় এবং এই প্রেক্ষিতে গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখে কমিশন কর্তৃক ইস্যুকৃত QIO সম্মতি পত্র (Consent letter) টি বাতিল (cancel) করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। Daffodil Computers PLC তার সহযোগী প্রতিষ্ঠান Daffodil Family Concern-এর নিকট থেকে গৃহীত ৪৬.৭০ কোটি টাকার ঋণকে প্রতিটি ১০ টাকা মূল্যে ৪.৬৭ কোটি সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে মূলধন বৃদ্ধি তথা ঋণকে ইক্যুইটিতে রূপান্তরের আবেদন কমিশন কর্তৃক নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৩/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র